**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের রোগী এবং রোগীর পরিবারের প্রতি আন্তরিক ও সংবেদনশীল হওয়ার পরামর্শ দিয়েছেন।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার অনুমোদন দিয়েছেন।**

**(৩) নারকোটিকস কন্ট্রোল ব্যুরো ভারত-মায়ানমারের মধ্যে মাদক সিন্ডিকেটের মূল পান্ডা থানচিনতুয়াং-কে গ্রেপ্তার করেছে।**

**(৪) নিট-ইউজি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস কাণ্ডের অন্যতম প্রধান অভিযুক্ত মনীষা গুরুনাথ মান্ধারে-কে ১৪ দিনের জন্য সিবিআই-এর হেফাজতে পাঠানো হয়েছে।**

**(৫) টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে।**

*************************************************************

## C.M -Blood Donation:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের রোগী এবং রোগীর পরিবারের প্রতি আন্তরিক ও সংবেদনশীল হওয়ার পরামর্শ দিয়েছেন। আজ আগরতলা সরকারি ডেন্টাল কলেজ অডিটোরিয়ামে আন্তর্জাতিক নার্স ডে উপলক্ষে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই পরামর্শ দেন| তিনি বলেন, চিকিৎসা ক্ষেত্রে

নার্সদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। হাসপাতালের সুনাম এবং রোগীদের সুস্থতা অনেকাংশেই নার্সদের নিষ্ঠা ও দায়িত্বশীলতার ওপর নির্ভর করে। মানুষের সেবা করার সুযোগ প্রত্যেকে পায় না। কিন্তু নার্স ও স্বাস্থ্যকর্মীরা প্রতিদিন এই মহান দায়িত্ব পালন করছেন। তাই তাদের কাজ শুধু পেশা নয়, এটি এক মানবিক অঙ্গীকারও বটে। মুখ্যমন্ত্রী আরও বলেন, অনেক সময় রোগীর পরিবার মানসিকভাবে অত্যন্ত বিব্রত অবস্থার মধ্যে থাকেন। সেই সময় চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীরা রোগীর পরিবারের সঙ্গে সহানুভূতিশীল আচরণ ও মানবিক ব্যবহার অনেক বড় শক্তি হয়ে দাঁড়ায়। রাজ্য সরকারের স্বাস্থ্য পরিষেবা উন্নয়নের বিভিন্ন দিকের উপর আলোকপাত করে তিনি বলেন, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ও প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার মতো জনকল্যাণমূলক প্রকল্পের মাধ্যমে সাধারণ মানুষ উন্নত স্বাস্থ্য পরিষেবার সুবিধা পাচ্ছেন। রাজ্যে শিশু মৃত্যুর হারও অনেকাংশ হ্রাস পেয়েছে।

স্বেচ্ছায় রক্তদানের গুরুত্ব প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদানের কোনো বিকল্প নেই। রাজ্যের ব্লাড ব্যাংকগুলিতে রক্তের চাহিদা পূরণে সরকার সজাগ রয়েছে। গত বছরের তুলনায় এবছর এখন পর্যন্ত রক্ত সংগ্রহের পরিমাণ অনেকটা বৃদ্ধি পেয়েছে। রক্তের চাহিদা ও যোগানের মধ্যে ভারসাম্য বজায় রাখাও অত্যন্ত জরুরী। এই বিষয়গুলির উপর রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদ নিয়মিত নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে চলছে।

**************************

## C.M -Allowance:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের বিভিন্ন রাজ্যে নাগরিকদের যে হারে সামাজিক ভাতা দেওয়া হচ্ছে, সে ক্ষেত্রে ত্রিপুরা সরকার কোনও প্রতিযোগিতায় যেতে ইচ্ছুক নয়। আগরতলা সরকারী ডেন্টাল কলেজে

আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, ত্রিপুরা সরকারই প্রথম সামাজিক ভাতা ৭০০ টাকা থেকে বাড়িয়ে ১০০০ টাকা ও পরে ২০০০ টাকা করে। ভবিষ্যতে সামাজিক ভাতা বাড়ানোর বিষয়ে তাঁর সরকার চিন্তা ভাবনা করবে বলে তিনি আশ্বাস দেন।

রাজ্যে বিভিন্ন অংশে রাস্তাঘাটের বেহাল অবস্থা নিয়ে তিনি বলেন, রাস্তা নির্মানের কাজ চলছে। তার জন্য নাগরিকদের কিছুটা দুর্ভোগ সহ্য করতে হচ্ছে। খোয়াই, কমলপুর, কৈলসহর প্রভৃতি মহকুমায় জাতীয় সড়কের সংস্কারের বিষয়ে কেন্দ্রীয় সরকারকে অবহিত করা হয়েছে এবং সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রক থেকে এবিষয়ে বিশেষজ্ঞ দলও রাজ্যে পাঠানো হয়েছে বলে তিনি উল্লেখ করেন|

**************************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার অনুমোদন দিয়েছেন। আইন ও বিচার মন্ত্রকের প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী, 'সুপ্রিম কোর্টে বিচারকের সংখ্যা সংক্রান্ত আইন, ১৯৫৬'-এ সংশোধন এনে এই অধ্যাদেশ জারি করা হয়েছে। এই সংশোধনের ফলে ভারতের প্রধান বিচারপতি সহ সর্বোচ্চ আদালতের মোট বিচারপতির সংখ্যা বেড়ে ৩৮-এ পৌঁছবে।

**************************

**CBSE:**

সরকার জানিয়েছে, CBSE দ্বাদশ শ্রেণির পরীক্ষায় অন-স্ক্রিন মার্কিং অর্থাৎ(ওএসএম) পদ্ধতি মূল্যায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা বাড়িয়েছে। আজ নয়াদিল্লিতে সিবিএসই কর্তৃক ঘোষিত দ্বাদশ শ্রেণির ফলাফল নিয়ে উদ্বেগ

নিরসনে স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগের সচিব সঞ্জয় কুমার বলেন, সিবিএসই এই বছর এমন একটি ব্যবস্থা চালু করেছে, যা মূল্যায়নে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করে। প্রায় ৯৮ লক্ষ উত্তরপত্র একাধিক স্তরের নিরাপত্তা ও গুণমান যাচাইয়ের মাধ্যমে ডিজিটালভাবে স্ক্যান ও মূল্যায়ন করা হয়েছে। আগে উত্তরপত্রগুলো নির্দিষ্ট আঞ্চলিক কার্যালয়ের মধ্যেই যাচাই করা হতো, কিন্তু ওএসএম-এর নতুন ব্যবস্থা ভৌগোলিক সীমানা ছাড়িয়ে মূল্যায়নের সুযোগ করে দেয়।

সচিব সঞ্জয় কুমার আরও বলেন, ডিজিটাল ব্যবস্থা মোট নম্বরের হিসাবে ভুল কমায় এবং অভিন্ন নম্বর প্রদান নিশ্চিত করে। পুনর্মূল্যায়নের বিষয়ে তিনি বলেন, যে সমস্ত শিক্ষার্থী পুনর্মূল্যায়ন করতে চায়, তাদের জন্য সিবিএসই মোট ফি কমিয়ে স্বস্তি দিয়েছে। উত্তরপত্র দেখার জন্য ১00 টাকা, যাচাইয়ের জন্য ১00 টাকা এবং পুনর্মূল্যায়নের জন্য প্রতি প্রশ্নে ২৫ টাকা ধার্য করা হয়েছে। তিনি উল্লেখ করেন, পুনর্মূল্যায়নের পর নম্বর বাড়লে ফি ফেরত দেওয়া হবে। এই মাসের ১৯ তারিখ থেকে পুনর্মূল্যায়ন প্রক্রিয়া শুরু হবে।

**************************

**NCB-Arrest:**

নারকোটিকস কন্ট্রোল ব্যুরো অর্থাৎ এনসিবি ভারত-মায়ানমারের মধ্যে প্রধান মাদক সিন্ডিকেট ভেঙে দিয়েছে৷ নারকোটিকস কন্ট্রোল ব্যুরো-আগরতলা কার্যালয়ের আধিকারিকদের একটি টিম গতকাল নয়াদিল্লি থেকে এই সিন্ডিকেটের মায়ানমার-ভিত্তিক মূল পান্ডা থানচিনতুয়াং-কে গ্রেপ্তার করেছে। তাকে আজ আইজলে আদালতে সোপর্দ করা হয়েছে| ধৃত থানচিনতুয়াং আন্তঃসীমান্ত পাচার নেটওয়ার্ক সংগঠনে ব্যাপকভাবে জড়িত ছিলেন৷ সে

মিজোরাম, মণিপুর, আসাম এবং ত্রিপুরার মধ্য দিয়ে মাদকের চালান ভারত ও বাংলাদেশের বিভিন্ন অংশে পাচার করত।

ব্যাপক নজরদারি, গোয়েন্দা তথ্য সংগ্রহ, সমন্বিত আন্তঃরাজ্য সহযোগিতা এবং ধারাবাহিক ফলো-আপ অভিযানের মাধ্যমে ভারত-মায়ানমার সীমান্ত বরাবর সক্রিয় আন্তর্জাতিক মাদক পাচারকারী নেটওয়ার্কগুলোর বিরুদ্ধে চলমান অভিযানে নারকোটিকস কন্ট্রোল ব্যুরো অর্থাৎ (এনসিবি) এক্ষেত্রে একটি বড় সাফল্য অর্জন করেছে।

**************************

**Minister Sudhangshu Das:**

ঊনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে বিজেপি'র উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে, দু'দিনের দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাভিযানের অন্তর্গত মন্ডল প্রশিক্ষণ বর্গ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, বিজেপি'র প্রদেশ কমিটির সদস্য মৃনাল কান্তি নাথ, মন্ডল সভাপতি তরুণ কুমার দাস প্রমুখ। প্রশিক্ষণ কর্মসূচি'তে ২১৫ জন প্রশিক্ষণার্থী অংশ নিয়েছেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*************************

**NEET-CBI:**

নিট-ইউজি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস কাণ্ডের অন্যতম প্রধান অভিযুক্ত মনীষা গুরুনাথ মান্ধারে-কে ১৪ দিনের জন্য সিবিআই-এর হেফাজতে পাঠালো দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। আজ সকালে মনীষা মান্ধারেকে সিবিআই বিচারকের সামনে হাজির করার জন্য রাউস অ্যাভিনিউ আদালতে নিয়ে আসে সিবিআই। সিবিআই-এর পুঙ্খানুপুঙ্খ জিজ্ঞাসাবাদের পর এই মামলার অন্যতম প্রধান অভিযুক্ত, পুনের সিনিয়র উদ্ভিদবিদ্যার শিক্ষিকা মনীষা গুরুনাথ মান্ধারেকে গ্রেফতার করা হয়।

*************************

**LPG-Ship-in-India:**

হরমুজ প্রণালী অতিক্রম করে এলপিজি নিয়ে দেশে এল আরও একটি জাহাজ। পশ্চিম এশিয়ায় উদ্ভূত অস্থিরতার মধ্যে ভারতের জন্য যা স্বস্তিদায়ক, মিটবে জ্বালানির ঘাটতি। মার্শাল দ্বীপপুঞ্জের পতাকাবাহী প্রায় ২০,000 টন এলপিজি বহনকারী জাহাজ ‘সিমি’ কান্দলা বন্দরে এসে পৌঁছেছে। সিমি গত ১৩ মে হরমুজ প্রণালী অতিক্রম করেছিল। আর আজ গুজরাটের কচ্ছের কান্দলা বন্দরে এসে পৌঁছেছে জাহাজটি।

*************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

****************************

**BJP-Khowai:**

বিজেপি খোয়াই মন্ডলের উদ্যোগে পন্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাভিযান পর্ব আজ থেকে দুদিনের জন্য শুরু হল বিজেপি জেলা কার্যালয়ে। এই প্রশিক্ষণ পর্বে অংশগ্রহণ করেন প্রাক্তন সাংসদ প্রতিমা ভৌমিক, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই মন্ডল সভাপতি অনুকূল দাস সহ অন্যান্য নেতৃত্বরা। বিজেপি খোয়াই মন্ডলের উদ্যোগে আয়োজিত এই প্রশিক্ষণ পর্বে খোয়াই মন্ডলের সমস্ত নেতৃত্বরা উপস্থিত ছিলেন।

****************************

**Knockout Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে আসরের ফাইনাল খেলায় কসমোপলিটন ক্লাব ৪৯ রানে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে কসমোপলিটন ক্লাব

নির্দ্ধারিত ৩১ ওভারে ৮ উইকেটে ১৯৮ রান করে। জবাবে ব্লাডমাউথ ক্লাব ২৫ ওভার ৫ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৪৯ রান করতে সক্ষম হয়।

**************************

**Women Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় চলমান সংঘ ৪ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে, নরসিংগড়ের পি টি এ মাঠে রামনগর স্পোর্টিং ক্লাব ৬ উইকেটে বাধারঘাট কোচিং সেন্টারকে এবং মোহনপুরের তালতলা মাঠে কসমোপলিটন ক্লাব ১০ উইকেটে আগরতলা কোচিং সেন্টারকে পরাজিত করে।

**************************

**Under 13 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে মোট ৫টি খেলা হয়। রানীরবাজার মাঠে সদর এ দল ৩৪ রানে সোনামুড়াকে, নেপকো মাঠে জিরানিয়া ৭ উইকেটে মোহনপুরকে, মেলাঘর মাঠে খোয়াই ১ রানে সদর বি দলকে, উদয়পুর মাঠে বিশালগড় ১০ উইকেটে আমবাসাকে এবং কৈলাসহরের মাঠে ধর্মনগর ৪৬ রানে কমলপুরকে পরাজিত করে। একটি ম্যাচ পরিত্যক্ত হয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ভারী বৃষ্টিপাত সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া

দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**************************